

২৬. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে

তোমার চিঠিটার শেষ কয়েকটি লাইন পড়ে

ভাবিয়াছিলাম ফেব্রুয়ারীর প্রথম সপ্তাহেই

আসবেই তুমি আবার ঘরে ফিরে।

স্মৃতির জানালার শাশিটা রেখেছি তাই একটু ফাঁক করে

কই! তুমি এলে না তো ফিরে এলো না শুভদিন,

তব প্রতীক্ষায় পথ পানে চেয়ে কেবলি অশ্রুঝরে।

সালাম, বরকত, রফিক, জব্বার এমনি হাজারো শহীদের ভীড়ে

হারিয়েছি তোমায় আমি কাঁদি নয়নের নীরে।

তোমারী বিরহে অশ্রু ঝরে না পাওয়ার বেদনায় কবিতা লিখে যাই

স্মৃতির শহীদ মিনারে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে তাই

সহস্র ফুল পাপড়ি দিয়ে তোমায় সালাম জানাই।